

**২০২১**

**বাংলা — সাধারণ**

**দ্বিতীয় পত্র**

**পূর্ণমান - ১০০**

প্রাত্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উভয় যথাসন্ত্ব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) বৈষ্ণব পদাবলীতে মাথুর বলতে কী বোঝায়? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? তোমার পঠিত একটি পদ অবলম্বনে  
উক্ত পদকর্তার কৃতিত্বের পরিচয় দাও। ৮+১+১০

অথবা;

- (খ) “মন্দির বাহির কঠিন কপাট” — পদটি বৈষ্ণব পদাবলীর কোন পর্যায়ের অন্তর্গত? পদটির পদকর্তা কে? উদ্ধৃত পর্যায়টির  
সংজ্ঞা লেখো। পদটির মর্মার্থ বিশ্লেষণ করে রচিয়তার কবিকৃতির মূল্যায়ন করো। ১+১+৩+১০

- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

- (ক) “অভিনব হেম কঙ্গতরু সঞ্চর  
সুরধূনী-তীরে উজোর॥”  
কোন পর্যায়ের পদ? উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

- (খ) “ঘরের বাহিরে দণ্ডে শতবার  
তিলে তিলে আইসে যায়।  
মন উচাটন নিশাস সঘন  
কদম্ব কাননে চায়॥”  
কোন পর্যায়ের পদ? তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

- (গ) “বহুদিন পরে বঁধুয়া এলে।  
দেখা না হইত পরাণ গেলে॥  
এতেক সহিল অবলা ব’লে।  
কাটিয়া যাইত পাষাণ হ’লে॥”  
কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩

- (ঘ) “কোন্ বিধি সিরজিল সোতের শেঁওলি।  
এমন ব্যথিত নাই ডাকি বন্ধু বলি॥”  
কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩

৩। (ক) ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গের নামকরণের সার্থকতা আলোচনা করো।

১৫

অথবা,

(খ) ‘মেঘনাদবধ কাব্য’-এর চতুর্থ সর্গ অবলম্বনে সীতা চরিত্রের পরিচয় দাও।

১৫

৪। যে-কোনো দৃষ্টি অংশের প্রসঙ্গসহ তাৎপর্য লেখো।

৫×২

- (ক) “...সমূলে নির্মূল  
করিব পামরে আজি। ...”
- (খ) “কে কবে শুনেছে, সখি কহ হেন কথা?  
রাজার নন্দিনী আমি রাজকুলবধু  
তবু বদ্ধ কারাগারে।”
- (গ) “কি সুন্দর মালা আজি পরিযাছ গলে  
প্রচেতং, হা ধিক, ওহে জলধিপতি!  
এই কি সাজে তোমারে, অলঙ্ঘ্য অজেয়  
তুমি?”
- (ঘ) “...আহা মরি, সুবর্ণ-দেউটি  
তুলসীর মূলে যেন জুলিঙ, উজলি  
দশ দিশ।”

৫। (ক) ‘প্রথম পূজা’ কবিতাটির মর্মকথা নিজের ভাষায় লেখো। প্রসঙ্গত ধর্ম সম্পর্কে কবির ধারণার পরিচয় দাও।

৮+৭

অথবা,

(খ) ‘পুনশ্চ’ কাব্যের ‘বাঁশি’ কবিতার হরিপদ কেরানি চরিত্রের যে ট্র্যাজিক রূপটি চিত্রায়িত হয়েছে, তা নিজের ভাষায় লেখো।

১৫

৬। (ক) ‘দেশ দেখাছ অন্ধকারে’ কবিতার নামকরণের সার্থকতা বিচার করো।

১৫

অথবা,

(খ) ‘আমার ভারতবর্ষ’ কবিতায় কবির স্বদেশপ্রেম কীভাবে প্রকাশিত হয়েছে দেখাও।

১৫

৭। (ক) উদাহরণসহ মিশ্রবৃত্ত/তানপ্রধান/অক্ষরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য ও স্বরূপ আলোচনা করো।

১২

অথবা,

(খ) উদাহরণসহ যে-কোনো তিনটি-র পরিচয় দাও।  
কলা, পর্ব, দল, লয়, রীতি।

৮×৩

- ৮। ছদ্মেলিপি রচনা করো (যে-কোনো দুটি)।  
 (পর্ব, পদ, পঙ্ক্তি, লয়, রীতি ও মাত্রার উল্লেখ বাঞ্ছনীয়)
- (ক) মন্দির বাহির কঠিন কপাট।  
 চলইতে শক্তি পক্ষিল বাট।
- (খ) মা নিম খাওয়ালে চিনি বলে কথায় করে ছল  
 ওমা মিঠার লোভে, তিতমুখে সারা দিনটা গেল।
- (গ) কেরোসিনের শিখা বলে মাটির প্রদীপে  
 ভাই বলে ডাক যদি গলা দেব টিপে  
 হেন কালে গগনেতে উঠিলেন চাঁদা  
 কেরোসিন বলে উঠে এস মোর দাদা।
- (ঘ) রাত নির্জন পথে কত ভয় তবুও রানার ছোটে  
 দস্যুর ভয় তারো চেয়ে ভয় কখন সূর্য ওঠে।
- 

8+8